# উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ

রেজিষ্টার্ড অফিসঃ কালুরঘাট শিল্প এলাকা
পোঃ চান্দগাঁও, চট্টগ্রাম-৪২১২।

## ৩৫তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিমিটেড এর সকল সম্মানিত শেয়ারহোল্ডারগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নেবর্ণিত বিষয়সমূহ সম্পাদনের জন্য উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ এর ৩৫তম বার্ষিক সাধারণ সভা আগামী ২৬-১২-২০২১খ্রিঃ, রোজ-রবিবার, সকাল-১০.৩০ ঘটিকায় ভার্চুয়াল পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।

**সভার আলোচ্যসূচীঃ**

১। ২৪শে ডিসেম্বর'২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৩৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরন।

২। ৩০শে জুন'২০২১খ্রিঃ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত হিসাব ও প্রতিবেদন এবং পরিচালকমন্ডলীর প্রতিবেদন বিবেচনা, গ্রহণ ও অনুমোদন।

৩। ২০২০-২০২১ অর্থ বছরের লভ্যাংশ বিষয়ক আলোচনা।

৪। পরিচালকবৃন্দের মনোনয়ন/নির্বাচন।

৫। ২০২১-২০২২ অর্থ বছরের জন্য কোম্পানীর নিরীক্ষক নিয়োগ এবং তাদেঁর পারিশ্রমিক নির্ধারণ।

৬। ২০২১-২০২২ অর্থ বছরের Compliance on Corporate Governance Code এর জন্য কোম্পানীর নিরীক্ষক নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ।

৭। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কোম্পানীর অন্য যে কোন বিষয়াদি আলোচনা।

পরিচালকমন্ডলীর অনুমতিক্রমে

তারিখঃ ০১-১২-২০২১খ্রিঃ

**(বিপুল কুমার মজুমদার)**
কোম্পানী সচিব

**নোটঃ**

১) কোম্পানীর শেয়ার ট্রান্সফার রেজিষ্টার ২৪-১১-২০২১খ্রিঃ অর্থাৎ রেকর্ড তারিখে বন্ধ থাকবে। যে সমস্ত শেয়ারহোল্ডারগণের নাম কোম্পানীর শেয়ার রেজিষ্টার/ সেন্ট্রাল ডিপোজিটোরি সিস্টেম(সিডিএস) এর ডিপোজিটোরি রেজিষ্টারে রেকর্ড তারিখে পাওয়া যাবে, তারা বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করতে পারবেন।

২) বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশ নং- SEC/SRMIC/94-231/91, dated: 31-03-2021 অনুযায়ী বার্ষিক সাধারণ সভা (এজিএম) ভার্চুয়ালি (ডিজিটাল পদ্ধতিতে) Live Webcast এর মাধ্যমে পরিচালিত হবে।

৩) ভার্চুয়াল পদ্ধতিতে এজিএম এ অংশগ্রহণ করার(Login) জন্য শেয়ারহোল্ডারকে তার ১৬ ডিজিটের Benificiary Owner(BO) Number/ Folio Number এবং অন্যান্য প্রমাণক সনাক্তকরণের জন্য কোম্পানী কর্তৃক প্রদত্ত Link এ ইনপুট দিতে হবে। ভার্চুয়াল পদ্ধতিতে অংশগ্রহণের জন্য প্রদত্ত Link রেকর্ড তারিখে সেন্ট্রাল ডিপোজিটোরি সিস্টেমে(সিডিএস)/কোম্পানীর শেয়ার রেজিষ্টারে প্রাপ্ত শেয়ারহোল্ডারগণের ই-মেইলে প্রেরণ করা হবে। এছাড়া, ডিজিটাল পদ্ধতিতে Full login/Participation Process কোম্পানীর ওয়েবসাইট www.ugsflbd.com এ পাওয়া যাবে।

৪) সভায় গ্রুপ "বি" শেয়ারহোল্ডারগণের মধ্য হতে ০১(এক)জন পরিচালক নির্বাচিত হবেন। উক্ত পদে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক গ্রুপ "বি" শেয়ারহোল্ডারগণকে কোম্পানী সচিবের নিকট হতে মনোনয়ন ফরম সংগ্রহ পূর্বক ১৪-১২-২০২১খ্রিঃ তারিখ সকাল ১০.০০ঘটিকার মধ্যে তাঁর নিকট মনোনয়নপত্র দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। অন্যথায় মনোনয়নপত্র গ্রহণ করা হবে না।

৫) বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর নোটিফিকেশন নং-BSEC/CMRRCD/2006-158/208/Admin/81, dated: 20-06-2018 অনুযায়ী বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১ এর PDF কপি রেকর্ড তারিখে সেন্ট্রাল ডিপোজিটোরি(সিডিএস)'তে কোম্পানীর শেয়ারহোল্ডারগণের বিও'তে উল্লেখিত ই-মেইলের ঠিকানায় পাঠানো হবে। এছাড়া বার্ষিক প্রতিবেদনের PDF কপি কোম্পানীর ওয়েবসাইট www.ugsflbd.com এ পাওয়া যাবে।

৬) শেয়ারহোল্ডারগণ তাদের প্রশ্নসমূহ/মন্তব্যসমূহ এজিএম শুরু হওয়ার ২৪(চব্বিশ) ঘন্টা পূর্বে কোম্পানীর ই-মেইল ঠিকানা info@ugsflbd.com অথবা ugsfl.md@gmail.com অথবা shakawat.bim8989@gmail.com এ জমা দিতে পারবেন।

৭) সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানে উপযুক্ত শেয়ারহোল্ডার তার পক্ষে বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। রেভিনিউ স্ট্যাম্পযুক্ত প্রক্সি ফরম কোম্পানীর রেজিষ্টার্ড অফিসে অথবা উপরেল্লিখিত ই-মেইলে স্ক্যান কপি (কোভিড-১৯ মহামারী বিবেচনায়) সভার নির্ধারিত সময়ের ৪৮(আটচল্লিশ) ঘন্টা পূর্বে জমা/প্রেরণ করতে হবে।